

প্রেস রিলিজ

২৬ এপ্রিল ২০২৫

বাউবি এসএসসি ভর্তি পরীক্ষা-২০২৫ অনুষ্ঠিত



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এসএসসি প্রোগ্রামে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষা আজ ২৬ এপ্রিল ২০২৫ তারিখ শনিবার বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ২০ টি কেন্দ্রে দেশব্যাপী একযোগে অনুষ্ঠিত হয়। সারাদেশে ছড়িয়ে ছিটিয়ে থাকা অষ্টম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ নন এমন বারো পড়া আগ্রহী শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষার মাধ্যমে পড়াশোনার সুযোগ প্রদানের জন্য বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ ব্যবস্থা গ্রহণ করেছেন। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম আজ (২৬ এপ্রিল ২০২৫) রাজধানী উচ্চ বিদ্যালয়, মানিক মিয়া এভিনিউ, ঢাকা কেন্দ্রে অনুষ্ঠিত এসএসসি ভর্তি পরীক্ষা-২০২৫ সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শনকালে উপাচার্য বলেন, "দেশের নানা পেশা ও শ্রেণীর সকল মানুষের জন্য বাউবি পরিচালিত শিক্ষা কার্যক্রম উন্মুক্ত রয়েছে। সামাজিক মর্যাদা বৃদ্ধিসহ জীবনের মানোন্নয়নে বাউবির অপার সম্ভাবনা কাজে লাগানোর জন্য এসব ভর্তিচ্ছু শিক্ষার্থীদের পরামর্শ দেন। শিক্ষা গ্রহণে আগ্রহী পিছিয়ে পরা জনগোষ্ঠীকে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এ প্রোগ্রামে ভর্তি হয়ে নিজেদেরকে স্বনির্ভর ও যোগ্য নাগরিক হিসেবে গড়ে তোলার আহ্বান জানান।" এ সময়ে বিশেষ পরিদর্শক হিসেবে উপাচার্যের সঙ্গে ছিলেন, ওপেন স্কুলের ডীন অধ্যাপক ড শিরিন সুলতানা, ওপেন স্কুলের অধ্যাপক ড. রাফসান মাহমুদ, ওপেন স্কুলের সহযোগী অধ্যাপক অনন্যা লাবনী ও উপাচার্যের একান্ত সচিব জনাব মোঃ নাসির উদ্দিন। এদিকে উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীন ও স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগের পরিচালক অধ্যাপক ড. মোঃ আবু তালেব আজ(২৬ এপ্রিল ২০২৫) রংপুর শহরে অবস্থিত রংপুর উচ্চ বিদ্যালয় কেন্দ্রে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষা পরিদর্শন করেন। অন্য দিকে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীম আজ(২৬ এপ্রিল ২০২৫)চট্টগ্রাম সিটিতে অবস্থিত সানোয়ারা ইসলাম উচ্চ বিদ্যালয় কেন্দ্রে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষা পরিদর্শন করেন। আজ বেলা ২:০০ টা ৩০ মিনিট থেকে বিকাল ৪:০০ টা ৩০ মিনিট পর্যন্ত দুই ঘন্টাব্যাপী অনুষ্ঠিত এ ভর্তি পরীক্ষায় বাউবির ১২ টি আঞ্চলিক কেন্দ্রের অধীনে মোট ৫ হাজার ১০ জন শিক্ষার্থী অংশগ্রহণ করেন। বিশেষভাবে উল্লেখ্য যে, এসব ভর্তিচ্ছু শিক্ষার্থীদের মধ্যে ১৮ জন তৃতীয় লিঙ্গের শিক্ষার্থীও ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করেন। ন্যূনতম ১৪ বছর বয়স থেকে তদূর্ধ্ব বয়সের অংশগ্রহণকৃত এ ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ নির্ধারিত কোর্স ও রেজিস্ট্রেশন ফি জমা দিয়ে এসএসসি ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের ভর্তি হতে পারবেন। ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের তালিকা অনলাইনে প্রকাশিত হবে। বাউবি ভর্তি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে (OSAPS) অনলাইনে সম্পন্ন করতে হয়।



মোঃ জাহাঙ্গীর হোসেন পাইক

উপ-পরিচালক

মোবাইল: ০১৭১৪৫০৫৭৪৭